

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫২.৩৩.০০১.১৯-৬২১

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ডিসেম্বর ২০১৯ - জানুয়ারি ২০২০ মাসে অনুষ্ঠিতব্য পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ২৫ নভেম্বর ২০১৯ তারিখের ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৯.২৩১ সংখ্যক পত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৮ ডিসেম্বর ২০১৯ হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভুক্ত ১ম, ৩য়, ৫ম, ৭ম পর্ব নিয়মিত ও ৪র্থ, ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয় এবং ২০১০ প্রবিধানভুক্ত ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা ২০১৯ এবং ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভুক্ত ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব সমাপনী এবং ৪র্থ, ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের পরীক্ষা ২০১৯ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচি এবং কেন্দ্র তালিকা সংযুক্ত করা হলো। এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) পরীক্ষার সূচি এবং কেন্দ্র তালিকা আপলোড করা আছে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা পর্যায়ে পরীক্ষা পরিচালনা নীতিমালা ২০১৭ মোতাবেক জেলা পর্যায়ে জেলা প্রশাসকগণ এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ কেন্দ্রের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। এবারই প্রথম পরীক্ষা শুরু ৩০ মিনিট পূর্বে (সকালের শিফটে সকাল ০৯:৩০ ঘটিকা এবং বিকালের শিফটে বিকাল ০১:৩০ ঘটিকা) পরীক্ষার প্রশ্নপত্র অনলাইনে সরাসরি কেন্দ্রের ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হবে।

এমতাবস্থায়, উল্লিখিত পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবদের (সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান) নিয়ে পরীক্ষা সংক্রান্ত সভা আহ্বান ও নির্দেশনা প্রদান, কেন্দ্রে ১৪৪ ধারা জারী, প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক দল (ভিজিট্যান্স টিম) গঠন ও তত্ত্বাবধান, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আইন শৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, ইন্টারনেট সেবা সচল রাখা এবং পরীক্ষার জন্য নির্ধারিত দিনে (শনিবারসহ) পোস্ট অফিস খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, পরীক্ষা সংক্রান্ত দৈনন্দিন তথ্যাদি পরীক্ষা শেষ হওয়ার পরপরই বোর্ডকে অবহিত করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(ড. মো: ওমর ফারুক)
যুগ্ম সচিব

ফোন: ৯৫৭৩৮৭৬

ই-মেইল: mofaruque_ru@yahoo.com

১. জেলা প্রশাসক (সকল),

২. উপজেলা নির্বাহী অফিসার (সকল),

নং- ৫৭.০০.০০০০.০৫২.৩৩.০০১.১৯-৬২১/১(১৩)

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বিটিসিএল/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার (সকল), বিভাগ,
৬. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
৭. উপ মহা পুলিশ পরিদর্শক (সকল বিভাগ),

৮. পুলিশ কমিশনার (সকল), মেট্রোপলিটন পুলিশ, ।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
১০. পুলিশ সুপার (সকল), ।
১১. অধ্যক্ষ.....(সকল), পলিটেকনিক ইন্সটিটিউট..... ।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৩. মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

(ড. মো: ওমর ফারুক)
যুগ্ম সচিব